# তারেক রহমানই হবেন দেশের আগামী প্রধানমন্ত্রী: মির্জা ফখরুল ইসলাম



বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম: সংগৃহীত ছবি

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানই দেশের আগামী দিনের প্রধানমন্ত্রী হবেন বলে মন্তব্য করেছেন দলের মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর।শনিবার (৯ আগস্ট) রাজধানীর কাকরাইলে বিএনপিপন্থি ডাক্তারদের সংগঠন 'ডক্টরস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ড্যাব)' এর জাতীয় সম্মেলনে উপস্থিত হয়ে তিনি এসব কথা বলেন।

মির্জা ফখরুল আরও বলেন, দেশে শুধু গণতান্ত্রিক ব্যবস্থার প্রতিষ্ঠা বা ভোটাধিকার নিশ্চিত করলেই হবে না, সঙ্গে স্বাস্থ্যসেবা ও খাদ্যসহ মানুষের সকল মৌলিক অধিকার সুরক্ষিত করতে হবে।

বর্তমান চিকিৎসা খাতের সংকট ও বাস্তবতা নিয়ে তিনি বলেন, আমাদের চিকিৎসকগণ উপমহাদেশের সেরা, কিন্তু সমস্যা রয়েছে দুর্বল ব্যবস্থাপনায়। পারস্পরিক স্বার্থান্বেষণ ও হিসেবনিকাশের সংস্কৃতি দেশকে ধ্বংসের দিকে ঠেলে দিচ্ছে।

তারেক রহমানের প্রস্তাবিত ৩১ দফা কর্মসূচি দেশের স্বাস্থ্যসহ বিভিন্ন খাতে বৈপ্লবিক পরিবর্তন আনার সম্ভাবনা রাখে বলেও মন্তব্য করেন মির্জা ফখরুল।

তিনি যোগ করেন, শুধু ভোটের অধিকার নিশ্চিত করাই যথেষ্ট নয়, স্বাস্থ্য ও অন্যান্য মৌলিক অধিকারও জনগণের কাছে নিশ্চিত করা আমাদের দায়িত্ব।

LENS ASIA